

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬৮

আগরতলা, ১৭ মে, ২০২৪

ম্যালেরিয়া প্রতিরোধে জেলাশাসকদের সাথে ভিডিও কনফারেন্সে স্বাস্থ্য সচিবের বৈঠক



ম্যালেরিয়া প্রতিরোধে রাজ্যের সমস্ত জেলার জেলাশাসকদের সাথে আজ ভিডিও কনফারেন্সে স্বাস্থ্য সচিবের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ম্যালেরিয়া প্রতিরোধে সরকারের কর্ম পরিকল্পনা, গৃহীত পদক্ষেপগুলির মূল্যায়ন সহ নতুন কর্মসূচি প্রণয়ন সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা করা হয়। বৈঠকে দ্রুততার সাথে রাজ্যের বিভিন্ন জলাশয়গুলিতে লার্ভিভোরাস মাছ ছাড়ার কাজ দ্রুত সম্পন্ন করা, প্রায় সাড়ে নয় লক্ষ এলএলআইএন মশারি বিতরণ করা, বিভিন্ন স্থানে লার্ভানাশক স্প্রে করা সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

বৈঠকে জানানো হয়েছে রাজ্যে ম্যালেরিয়া নিয়ন্ত্রণের জন্য জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা শাখা থেকে প্রস্তুতি শুরু করা হয়েছে। স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে গত ১৪ ও ১৫ মে, ২০২৪ উত্তর ত্রিপুরা জেলা ও ধলাই জেলা পরিদর্শন করেন। জেলা পরিদর্শনকালে হাসপাতাল কর্তৃপক্ষ, এলাকার মানুষ, এলাকার জনপ্রতিনিধিদের সাথে স্বাস্থ্যসচিব মত বিনিময় করেন এবং ম্যালেরিয়া অধ্যুষিত এলাকায় পনের দিন পর পর স্বাস্থ্য শিবির করা, বাড়ি বাড়ি পরিদর্শন করে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করার জন্য স্বাস্থ্যসচিব সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। তাছাড়াও গত ১৫ মে স্বাস্থ্যসচিব ম্যালেরিয়া প্রতিরোধে জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা রাজীব দত্ত, যুগ্ম অধিকর্তা বিনয় ভূষণ দাস, ম্যালেরিয়া স্টেট প্রোগ্রাম অফিসার ডা: অভিজিৎ দাস, সমস্ত জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক, জেলা ম্যালেরিয়া অফিসার, কনসালট্যান্ট সহ অন্যান্যদের নিয়ে বৈঠক করেছেন। বৈঠকে ম্যালেরিয়া নিয়ন্ত্রণের জন্য স্প্রে ও ফগিং, ম্যালেরিয়া পরীক্ষা বৃদ্ধি, শিশু ও গর্ভবতী মহিলাদের নিয়মিত রক্ত পরীক্ষা করা, জন সচেতনতা বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।
